# Times Today BD

রিসালাত আলিফ | ক্যাম্পাস | 27 June, 2025

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের (বাকৃবি) তাপসী রাবেয়া হলে র‍্যাগিংয়ের অভিযোগে তিন নারী শিক্ষার্থীকে হল থেকে সাময়িক বহিষ্কার করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন।ভুক্তভোগী বিশ্ববিদ্যালয়ের কৃষি অনুষদের প্রথম বর্ষের শিক্ষার্থী ।

বিশ্ববিদ্যালয়ের ‘অর্ডিন্যান্স ফর স্টুডেন্ট ডিসিপ্লিন’ এর ৭ নং ধারা অনুসারে অভিযুক্তদেরকে সাময়িকভাবে হল থেকে বহিষ্কার করা হয়।

বৃহস্পতিবার (২৬ জুন) রাতে বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার কৃষিবিদ ড. মো. হেলাল উদ্দীনের স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে জানানো হয়, র‍্যাগিংয়ের অভিযোগে কৃষি অনুষদের শিক্ষার্থী মারিয়া সুলতানা মীমকে ১২ মাসের জন্য হল থেকে বহিষ্কার করা হয়েছে।এছাড়া একই অনুষদের শিক্ষার্থী জোবায়দা জান্নাত সোহা এবং আশিকা রুশদাকে ৬ মাসের জন্য হল থেকে বহিষ্কার করা হয়েছে।

এই বিষয়ে তাপসী রাবেয়া হলের প্রভোস্ট অধ্যাপক ড. ইসরাত জাহান শেলী জানান, 'অর্ডারটি হাতে পেয়েছি।অভিযুক্তদের নিকট অর্ডারটি দ্রুতই পৌঁছে দেওয়া হবে।ক্যাম্পাসে কোন প্রকার অন্যায় সহ্য করা হবে না।র‍্যাগিং করা একটা স্পষ্ট অন্যায়।প্রমাণসহ সবকিছু আমি ভিসি স্যারের কাছে তুলে ধরেছি।পরে স্যার অন্যায়ের সাথে আপোষ করেন নি।

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের (বাকৃবি) অর্ডিন্যান্স ফর স্টুডেন্ট ডিসিপ্লিন র‍্যাগিং

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 July, 2025 23:29

URL: https://timestodaybd.com/campus/3779126909